

# 1st Quarter Minutes

নং: ১৮.০২.০০০০.০১২.০১.০৭৭.১২/০২৬০

বিষয়: পেট্রোবাংলা এবং কোম্পানিসমূহের নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ মোস্তফা কামাল, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি

সভার তারিখ: ১৭-০৭-২০১৯ খৃ:

সভার সময়: বেলা ১১.০০ টা

স্থান: পেট্রোবাংলা কনফারেন্স রুম।


উপস্থিতি: তালিকা সংযুক্ত।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পেট্রোবাংলার শূদ্ধাচার ০...  
গৃহীত লক্ষ্যমাত্রাসমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	২০১৮-২০১৯ অর্থবছরের শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বন্দবস্তের মেকাবেলকৃত মাসিক রিপোর্ট	গত অর্থবছরে (২০১৮-২০১৯) শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে মোকাবেলাকৃত চ্যালেঞ্জসমূহ আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনায় শূদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি বিশেষভাবে গুরুত্ব পায়। সংস্থায় ০৫টি কোম্পানি যোগ্যতা মূল্যায়ন করতঃ পুরস্কার প্রদান করেছে। অধিকাংশ কোম্পানিতে পুরস্কার প্রদান কমিটি না থাকায় পুরস্কার প্রদান করা যায়নি। সংশ্লিষ্ট কোম্পানিসমূহে 'পুরস্কার প্রদান কমিটি' গঠন করা প্রয়োজন। যোগ্য কর্মকর্তা-কর্মচারি কমিটির আত্মায়ক বরাবর আবেদন করলে কমিটি নিরপেক্ষভাবে যাচাই- বাছাই করে পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।	যেসব কোম্পানি এখনো 'পুরস্কার প্রদান কমিটি' গঠন করেনি, সেসব কোম্পানি 'পুরস্কার প্রদান কমিটি' গঠন করে পেট্রোবাংলাকে অবহিত করবে।	সংশ্লিষ্ট কোম্পানি
		কর্মপরিকল্পনায় গৃহীত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কোম্পানিসমূহে প্রয়োজনীয় সংখ্যক ইন-হাউজ ট্রেনিংয়ের আয়োজন করা প্রয়োজন।	কোম্পানিসমূহ প্রয়োজনীয় সংখ্যক ইন- হাউজ ট্রেনিংয়ের আয়োজন করবে।	সকল কোম্পানি
		সুন্দরবন গ্যাস কোম্পানি লি: চলতি অর্থবছরে (২০১৯- ২০২০) শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি এবং গত অর্থবছরের (২০১৮-২০১৯) শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কোন মূল্যায়ন প্রতিবেদন তৈরি করেনি। এ পরিপ্রেক্ষিতে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। যথাসময়ে আলোচ্য কার্যক্রম সম্পাদনে ব্যর্থতার জন্য সুন্দরবন গ্যাস কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা চাওয়া যেতে পারে।	সুন্দরবন গ্যাস যথাগীত আলোচ্য কার্যক্রম সম্পাদন করবে। যথাসময়ে আলোচ্য কার্যক্রম সম্পাদনে ব্যর্থতার জন্য সুন্দরবন গ্যাস কর্তৃপক্ষ পেট্রোবাংলা নৈতিকতা কমিটির সভাপতি বরাবর লিখিত ব্যাখ্যা প্রদান করবে।	সুন্দরবন গ্যাস
		কোম্পানিসমূহে নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং ই-টেন্ডার কার্যক্রম সম্পাদনের জন্য স্ব স্ব ক্রয় দপ্তরকে পত্র মারফত অবহিত করা প্রয়োজন।	কোম্পানিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং ই- টেন্ডার কার্যক্রম সম্পাদনের জন্য স্ব স্ব ক্রয় দপ্তরকে পত্র মারফত অবহিত করবে।	সকল কোম্পানি
		শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের জন্য Records Manual অনুসরণ করা প্রয়োজন।	শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের জন্য Records Manual অনুসরণ করতে হবে।	পেট্রোবাংলা ও সকল কোম্পানি

২০১৮-২০১৯ অর্থবছরের শূদাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লিখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন প্রতিবেদন।	২০১৮-২০১৯ অর্থবছরের শূদাচার কৌশল কর্মপরিকল্পনার মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা অত্যাৱশ্যক।	কোম্পানিসমূহ ২০১৮-২০১৯ অর্থবছরের মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করবে।	সকল কোম্পানি
২০১৯-২০২০ অর্থবছরের শূদাচার কৌশল কর্মপরিকল্পনার ওপর ফিডব্যাক প্রদান এবং কর্মপরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নের ওপর আলোচনা।	কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত কর্মপরিকল্পনায় উল্লিখিত প্রতিটি লক্ষ্যমাত্রা পূর্ণানুপূর্ণভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয়। সময়াবদ্ধ লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়ন করতঃ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা আবশ্যক।	সময়াবদ্ধ লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়ন করতঃ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	পেট্রোবাংলা নৈতিকতা কমিটি ও সকল কোম্পানি

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ মোস্তফা কামাল)  
 পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও  
 সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি

বিতরণঃ

- ০১। ব্যবস্থাপনা পরিচালকঃ
- ০২। পেট্রোবাংলার সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট/শাখাঃ
- ০৩। পেট্রোবাংলা নৈতিকতা কমিটির সদস্যবৃন্দঃ

অনুলিপিঃ

- ০১। উপ-ব্যবস্থাপক (সমরয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা।
- ০২। সহকারি ব্যবস্থাপক/পিএ-টু-পরিচালক ( ), পেট্রোবাংলা।
- ০৩। অফিস কপি।

